# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, ভেলকিবাজরা যা করে, যেমন নিজেদেরকে আহত করা ও কঠিন পদার্থ ভক্ষণ করা কি যাদু ও ভেলকিবাজি? না কারামাত?

উত্তর: বল, ভেলকিবাজরা উল্লেখিত যেসব কাজ করে, তা করতে কেবল শয়তানরাই তাদের সাহায্য করে এবং এগুলো থেকে কিছু কর্ম দ্বারা মানুষের চোখকে যাদু করা হয়। ফলে যেটা বাস্তব নয় সেটাকে তারা বাস্তব হিসেবে দেখে। যেমন যাদুকররা মূসা আলাইহিস সালাম ও উপস্থিত লোকদের ক্ষেত্রে করেছিল। ঘটনাটি আল্লাহ কুরআনে উল্লেখ করেছেন। মূসা আলাইহিস সালামকে দেখানো হয়েছিল যে, যাদুকরদের রশিগুলো দৌঁড়াচ্ছে। বাস্তবে তা দৌঁড়াচ্ছিল না। যেমন আল্লাহ তা‘আলা বলেন, [يُخَيَّلُ إِلَيۡهِ مِن سِحۡرِهِمۡ أَنَّهَا تَسۡعَىٰ [طه: ٦٦ “তাদের যাদুর প্রভাবে মনে হল যেন সেটি ছুটাছুটি করছে”। [সূরা তোহা, আয়াত: ৬৬] ভেলকিবাজদের নিকট আয়াতুল কুরসি, সূরা নাস ও ফালাক, ফাতিহা, সূরা বাকারার শেষ আয়াত ও অন্যান্য আয়াত পাঠ করা হলে আল্লাহর ইচ্ছায় যাদু ও ভেলকিবাজি নষ্ট হয়ে যায় এবং তাদের ভেলকিবাজি ও মিথ্যাচার খুলে যায় এবং মানুষের সামনেও তাদের বাতিল ও মিথ্যা প্রকাশ পেয়ে যায়।

নেককার, তাওহীদের অনুসারী, বিদ‘আত ও কুসংস্কার মুক্ত লোক ব্যতীত অন্য কারো জন্যে কারামত হাসিল হয় না। মূলত কারামাত হচ্ছে মুমিনের জন্য কল্যাণ হাসিল হওয়া অথবা তার থেকে অনিষ্ট দূরীভূত হওয়া। এর অর্থ এটা নয় যে, যার জন্য কারামত হাসিল হয়েছে সে ঐসব মুমিনের চেয়ে উত্তম, যাদের জন্য কারামত হাসিল হয়নি। কারামাতের ব্যাপারটি গোপন করা এবং প্রচার করা উচিৎ নয়। কারামাত দ্বারা মানুষের ধন-সম্পদ আত্মসাৎ করা যাবে না এবং তা দ্বারা প্রতারিত করা যাবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10017

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন